**ANNEX 'A' T0**
**TEN NO-277.07.027.25**
**DATED AUG 25**

## VEST SUMMER COTTON WHITE (HALF SLEEVE) এর বির্নিদেশ

| | | | |
|---|---|---|---|
| ১। | Design/Pattern | ঃ | As per approved sample |
| ২। | উপাদান | ঃ | কটনঃ ১০০% |
| ৩। | বুননের ধরন | ঃ | নীটেড (Knitted) |
| ৪। | প্রতি বর্গ মিটারের ওজন | ঃ | ১৫০ গ্রাম + ১০ গ্রাম |
| ৫। | সুতার কাউন্ট | ঃ | ১৮০ ডেনিয়ার + ১০ ডেনিয়ার |
| ৬। | প্রতি ২.৫৪ সেঃমিঃ সুতার সংখ্যা | ঃ | ওয়েলস: ৩৯/৪০<br>কোর্স: ৪৯/৫০ |
| ৭। | সংকোচনের হার | ঃ | দৈর্ঘ্য: ২.০০% (সর্বোচ্চ)<br>বুক: ২.০০% (সর্বোচ্চ) |
| ৮। | ছাপায় ব্যবহৃত রং এর শ্রেনী | ঃ | রি-এ্যকটিব ডাই (Re-active Dye) |
| ৯। | পিলিং রেজিস্টেন্স টেষ্ট (সর্বোচ্চ ৭০০০ ঘর্ষন) | ঃ | ৪-৫ |
| ১০। | পার্সপিরেশন টেস্ট (গ্রে স্কেল গ্রেডিং) | ঃ | এসিডিক গ্রেড: ৪ - ৫<br>এ্যালকালি গ্রেড: ৪ - ৫ |
| ১১। | পিএইচ টেস্ট (এএটিসিসি ৮১-২০১৬) | ঃ | ৫ - ৭.৫০ |

১২। **Measurement ও পরিমান নিম্নবর্ণিত অনুযায়ী হতে হবে ঃ**

| সাইজ | পরিমান |
|---|---|
| S | ২,০০০ টি |
| M | ১০,০০০ টি |
| L | ১৪,০০০ টি |
| XL | ১৮,০০০ টি |
| XXL | ৪,০০০ টি |
| XXXL | ২,০০০ টি |
| মোট | ৫০,০০০ টি |

**ANNEX 'A' T0**
**TEN NO-277.07.027.25**
**DATED AUG 25**

**VEST SUMMER COTTON WHITE (HALF SLEEVE) সরবরাহের শর্তাবলী**

১। দরপত্রের সাথে প্রতি সাইজের কমপক্ষে ০২টি করে মোট ১২টি Vest Summer cotton white (half sleeve) (ইন্ডেন্ট নমুনার অনুরূপ) সাইজ উল্যেখ পূর্বক স্টিকার সংযুক্ত করতঃ নমুনা হিসেবে জমা দিতে হবে। বিমান বাহিনীর ল্যাবে পরীক্ষিত টেষ্ট রিপোর্ট এবং বিনির্দেশের উপর ভিত্তি করে দরদাতার নমুনা গ্রহণযোগ্য কিনা তা নির্ধারন করা হবে। তবে, কোন নমুনা বাহ্যিক যাচাই/বাছাইয়ে উন্নত মানের পরিলক্ষিত না হলে ল্যাব টেষ্ট ব্যতিরেকেই উক্ত নমুনা বাতিল/প্রত্যাখ্যান করা যাবে। **নমুনা বিহীন দরপ্রস্তাব বাতিল বলে গন্য করা হবে।**

২। দরদাতার দাখিলকৃত নমুনা এবং (চুক্তি হলে) পরবর্তীতে সরবরাহকৃত দ্রব্য সদ্য প্রস্তুতকৃত, চুক্তি/ইন্ডেন্ট বিনির্দেশ অনুযায়ী উৎপাদিত, ক্রটি মুক্ত বুননকৃত ও নিখুঁত (feel, finish ইত্যাদি) হতে হবে।

৩। ইন্ডেন্টের বিনির্দেশের বিপরীতে দরদাতার দাখিলকৃত নমুনার বিনির্দেশ উল্লেখ করতে হবে। সংশ্লিষ্ট বিনির্দেশের বিপরীতে Complied/Not Complied এর পরিবর্তে গাণিতিক সংখ্যা, তথ্য ইত্যাদি উল্লেখ করতে হবে।

৪। **দরদাতা উৎপাদনকারী প্রতিষ্ঠান (Manufacturer) না হলে দরপ্রস্তাবের সহিত উৎপাদনকারী প্রতিষ্ঠানের নিকট হতে Manufacturer's certificate এবং দ্রব্য সরবরাহের নিশ্চয়তা পত্র সংযুক্ত করতে হবে। অন্যথায় দরপ্রস্তাব বাতিল বলে গন্য করা হবে।**

৫। দরপত্রের সাথে দাখিলকৃত নমুনা বিমান বাহিনী কর্তৃক গ্রহনযোগ্য হলে তাই চুক্তির অনুমোদিত নমুনা হিসেবে গন্য হইবে এবং উক্ত নমুনা ও চুক্তির বিনির্দেশ অনুযায়ী মালামাল সরবরাহ করতে হবে।

৬। প্রতিটি Vest Summer Cotton white (Half sleeve) যথোপযুক্ত প্যাকেটে সরবরাহ করতে হবে। প্রতিটি Vest Summer cotton white (half sleeve) এর যথোপযুক্ত স্থানে সরবরাহকারী প্রতিষ্ঠানের নাম ও উৎপাদনের বৎসর সহ কাপড়ের স্টিকার (সেলাই দ্বারা সংযুক্ত) থাকতে হবে । চুক্তিকৃত দ্রব্য ভাল মানের কার্টুনে প্যাকিং করে সরবরাহ করতে হবে।

৭। সরবরাহকারী প্রতিষ্ঠানকে চুক্তির অনুকূলে মালামাল উৎপাদনের কমপক্ষে ১৫ দিন পূর্বে বিমান সদর, সিকিউসি ইউনিট বা বি বা ও ২০১ এম ইউ বাবিবাকে অবহিত করতে হবে। মালামাল উৎপাদনের সময় বিমান সদর, সিকিউসি ইউনিট বা বি বা ও ২০১ এম ইউ বাবিবা এর প্রতিনিধিগণ মালামাল উৎপাদন পর্যবেক্ষনের জন্য মিল/ফ্যাক্টরী পরিদর্শন (Visit) করবেন।

৮। <u>দ্রব্যাদি সরবরাহের তফসিল</u> চুক্তিকৃত দ্রব্যাদি চুক্তিপত্র স্বাক্ষরের ০৪ (চার) মাসের মধ্যে সরবরাহ করতে হবে।

৯। অনিবার্য কারণবশত: চুক্তি সম্পাদন বিলম্বিত হওয়ার কারণে দ্রব্য সরবরাহের সময়সীমা বর্তমান অর্থ বছর অতিক্রম করলে চুক্তিপত্রের মেয়াদ ০২ বৎসর (২০২৫-২৬ এবং ২০২৬-২৭) বলবৎ রাখার ব্যবস্থা করা হবে।

১০। সরবরাহকারীর উদ্ধৃত মূল্য/চুক্তিকৃত মূল্য বর্তমান বাজার মূল্যের চেয়ে বেশী পরিলক্ষিত হলে অথবা নিদিষ্ট সময় সীমার মধ্যে সরবরাহকারী দ্রব্য সরবরাহে ব্যর্থ হলে, ক্রেতা অন্যান্য উৎস হতে চুক্তিকৃত দ্রব্য risk purchase হিসেবে ক্রয় করার অধিকার সংরক্ষণ করবে। সেক্ষেত্রে, অতিরিক্ত মূল্য চুক্তির মোট মূল্য হতে অথবা চুক্তির অনুকূলে প্রদানকৃত নিরাপত্তা জামানত হতে সমন্বয় করা হবে।

১১। **<u>দ্রব্যাদি সরবরাহের স্থান</u>** সরবরাহকারীকে নিজ দায়িত্বে ও খরচে চুক্তিকৃত মালামাল ২০১ র ই বা বি বা, কুর্মিটোলা, ঢাকায় সরবরাহ করতে হবে।

১২। **<u>দ্রব্যাদি পরিদর্শন স্থান</u>** মালামালের পরিদর্শন ২০১ র ই বা বি বা, কুর্মিটোলা, ঢাকায় সি কিউ সি ইউনিট বা বি বা কর্তৃক সম্পন্ন করা হবে।

১৩। মালামাল পরিদর্শনে কোন ত্রুটি পাওয়া গেলে সরবরাহকারী উহা নিজ দায়িত্বে এবং খরচে ১৫ দিনের মধ্যে বদল করে দিতে বাধ্য থাকবে ।

১৪। চুক্তিকৃত মালামাল গ্রহণের পূর্বে প্রয়োজনবোধে ল্যাব টেষ্ট করানো হবে। ল্যাব টেষ্টের জন্য প্রয়োজনীয় সংখ্যক দ্রব্য সরবরাহকারীকে প্রদান করতে হবে।

১৫। সরবরাহকারী নির্ধারিত সময়সীমার মধ্যে দ্রব্য সরবরাহে ব্যর্থ হলে বিমান বাহিনীর সিদ্ধান্ত সাপেক্ষে চুক্তি বাতিল করা যেতে পারে।

১৬। বিমান সদর কোন কারণ দর্শানো ব্যাতিরেকে দ্রব্যের পরিমান হ্রাস করতে পারবে।

১৭। অফারের মেয়াদ কমপক্ষে ০৬ (ছয়) মাস হতে হবে।

১৮। আংশিক সরবরাহ ও আংশিক মূল্য পরিশোধ গ্রহণযোগ্য তবে ০২ বারের অধিক নহে।

১৯। <u>মূল্য পরিশোধের শর্ত</u> **বিমান বাহিনী কর্তৃক প্রদত্ত সরবরাহ তফসিল মোতাবেক প্রতি চালানের বিপরীতে ১০০% মালামাল সন্তোষজনকভাবে গৃহীত হওয়ার পর এবং ২০১ রই, বা বি বা হতে সি আর ভি প্রাপ্তি সাপেক্ষে ডিজিডিপিতে মূল্য পরিশোধের নিমিত্তে বিল দাখিল করতে হবে এবং ডিজিডিপির অনুমোদন সাপেক্ষে বিমান বাহিনীর সংশ্লিষ্ট বাজেট কোড হতে এস এফ সি (ডি পি), ঢাকা কর্তৃক মূল্য পরিশোধ করা হবে।**

২০। দ্রব্যের মূল্যের সাথে ভ্যাট (VAT) ও অন্যান্য খরচ একত্রে করে দ্রব্যের একক মূল্য উল্লেখ করতে হবে। ভ্যাট (VAT) ও অন্যান্য খরচ আলাদাভাবে উল্লেখ করা যাবে না।

২১। অন্যান্য শর্তাবলী ডিজিডিপির প্রচলিত বিধি মোতাবেক হবে।